

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৩১১৮

১৫/ জानाया (کتاب الجنائز)

পরিচ্ছেদঃ ২১. মৃতের চোখ বন্ধ করা

بَابُ تَغْمِيضِ الْمَيِّتِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ الْمَلِكِ بْنُ حَبِيبٍ أَبُو مَرْوَانَ، حَدَّثَنَا أَبُو إِسْحَاقَ يَعْنِي الْفَزَارِيَّ، عَنْ خَالِدِ الْحَذَّاءِ، عَنْ أَبِي قِلَابَةَ، عَنْ قَبِيصَةَ بْنِ ذُوَيْب، عَنْ أُمِّ سَلَمَةَ، قَالَتْ: دَخَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى أَبِي سَلَمَةَ، وَقَدْ شَقَّ بَصَرَهُ، فَأَغْمَضَهُ، فَصَيَّحَ نَاسٌ مِنْ أَهْلِهِ، صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى أَنفُسِكُمْ إِلَّا بِخَيْدٍ، فَإِنَّ الْمَلَاثِكَةَ يُوَّمِّنُونَ عَلَى مَا تَقُولُونَ ثُمَّ قَالَ: فَقَالَ: لَا تَدْعُوا عَلَى أَنفُسِكُمْ إِلَّا بِخَيْدٍ، فَإِنَّ الْمَلَاثِكَةَ يُوَمِّنُونَ عَلَى مَا تَقُولُونَ ثُمَّ قَالَ: اللَّهُمَّ اغْفِرْ لِأَبِي سَلَمَةَ وَارْفَعْ دَرَجَتَهُ فِي الْمَهْدِيِينَ، وَاخْلُفْهُ فِي عَقِبِهِ فِي الْغَابِرِينَ، وَاغْفِرْ لَلهُ فِيهِ عَقِبِهِ فِي الْغَابِرِينَ، وَاغْفِرْ لَلهُ مَل رَبَّ الْعَالَمِينَ، اللَّهُمَّ افْسَحْ لَهُ فِي قَبْرِهِ، وَنَوِّرْ لَهُ فِيهِ، قَالَ أَبُو دَاوُدَ: وَتَغْمِيضُ الْمَيِّتِ بَعْدَ خُرُوجِ الرُّوح، سَمِعْتُ مُحَمَّد بْنِ النَّعْمَانِ الْمُقْرِيَّ، قَالَ: سَمِعْتُ الْمَيْتِ بَعْدَ خُرُوجِ الرُّوح، سَمِعْتُ مُحَمَّد بْنِ النَّعْمَانِ الْمُقْرِيَّ، قَالَ: سَمِعْتُ الْمَيْتِ بَعْدَ خُرُوجِ الرُّوح، سَمِعْتُ مُحَمَّد بْنِ النَّعْمَانِ الْمُقْرِيَ، قَالَ: سَمِعْتُ الْمَوْتِ مَنَامِي لَيْلَةَ مَاتَ، يَقُولُ: أَعْظُمُ مَا كَانَ عَلَيَّ تَغْمِيضَكُ لِي قَبْلَ أَنْ الْمُوتِ، فَرَأَلْتُهُ فِي مَنَامِي لَيْلَةَ مَاتَ، يَقُولُ: أَعْظُمُ مَا كَانَ عَلَيَّ تَغْمِيضَكُ لِي قَبْلَ أَنْ

صحيح

বাংলা

৩১১৮। উম্মু সালামাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবূ সালামাহ (রাঃ)-এর নিকট প্রবেশ করেন। তখনো তার চোখ খোলা থাকায় তিনি তা বন্ধ করে দেন। অতঃপর তার পরিবারের কিছু লোক চিৎকার করে কাঁদতে লাগলো। তিনি বললেনঃ নিজেদের জন্য কল্যাণ কামনা ছাড়া তোমরা অযথা কিছু বলো না।

কারণ তোমরা যা বলবে তার সাথে সাথে ফিরিশতারা আমীন বলবেন। পুনরায় তিনি বললেনঃ "হে আল্লাহ! তুমি



আবূ সালামাহকে ক্ষমা করে দাও এবং তাকে হেদায়াতপ্রাপ্তদের মধ্যে উচ্চ মর্যাদা দান করো। তার পেছনে যারা রয়ে গেলো, তুমিই তাদের অভিভাবক হও। হে জগতসমূহের প্রতিপালক! তার কবরকে প্রশস্ত করো এবং তা আলোকিত করো।"

আবৃ দাউদ (রহঃ) বলেন, রূহ বের হয়ে যাওয়ার পর চোখ বন্ধ করে দিবে। আবৃ মাইসারাহ (রহঃ) নামক এক ইবাদতগুজার ব্যক্তি বলেন, আমি ইবাদতপ্রিয় জা'ফার আল-মু'আল্লিম (রাঃ)-এর মৃত্যুকালে তার চোখ বন্ধ করে দিয়েছি। তার মৃত্যুর রাতে আমি তাকে স্বপ্নে দেখি এবং তিনি বললেন, মৃত্যুর পূর্ব মুহুর্তে তুমি যে আমার চোখ বন্ধ করে দিয়েছিলে তা ছিলো আমার প্রতি তোমার মহা অনুগ্রহ।[1]

English

Narrated Umm Salamah:

When the Messenger of Allah () entered upon Abu Salamah, his eyes were fixedly open. So he closed them. The members of his family cried. He said: Do not pray for yourself anything but good, for the angels utter Amin to what you say. He then said: O Allah, forgive Abu Salamah, raise his rank among those who are guided, and grant him a succession in his descendants who remain. Forgive both us and him, Lord of the universe. O Allah, make his grave spacious for him, and grant him light in it.

Abu Dawud said: The eyes of the deceased should be closed after his expiry. I heard Muhammad b. al-Nu'man al-Muqri say: I heard a man who was devoted to Allah say: I closed the eyes of Ja'far al-Mu'allim when he was dying. He was a man devoted to Allah. I saw him in a dream on the night he died. He said: The biggest thing for me was closing the eyes by you before I died.

ফুটনোট

[1]*.* সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন